**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**www.fid.gov.bd**

## আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের আগামী ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ বিষয়ক বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | শেখ মোহাম্মদ সলীম উল্লাহ, সচিব |
| স্থান | : | সম্মেলন কক্ষ (কক্ষ-৩৩১, ভবন-৭), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ |
| তারিখ ও সময় | : | ০৮ মে ২০২২, রবিবার, সকাল ১১:০০টা |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট) জানান, মন্ত্রণালয়/বিভাগ ও অন্যান্য প্রতিষ্ঠান/প্রকল্পসমূহের মধ্যমেয়াদি বাজেট কাঠামো সংশোধন ও হালনাগাদকরণ সংক্রান্ত বাজেট পরিপত্র-২ গত ১৮ এপ্রিল ২০২২ তারিখ অর্থ বিভাগ কর্তৃক জারি হয়েছে। বাজেট পরিপত্র-২ এ আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২২-২৩ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির প্রাথমিক লক্ষ্যমাত্রা নির্ধারণ, প্রস্তাবিত ব্যয়সীমা এবং সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ-এর সিলিং নির্ধারণ করা হয়েছে। অর্থ বিভাগ থেকে প্রাপ্ত রাজস্ব প্রাপ্তি এবং ব্যয়সীমার সিলিং ও অর্থ বিভাগের সুপারিশ অনুযায়ী এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ নির্ধারণ করতে হবে এবং বাজেট ব্যবস্থাপনা কমিটি (BMC) কর্তৃক অনুমোদনপূর্বক iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করে অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণ করতে হবে। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) কার্যপত্র অনুসারে আলোচ্যসূচীসমূহ ধারাবাহিকভাবে উপস্থাপন করেন।

**২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ প্রণয়ন:**

**ক. মন্ত্রণালয়/ বিভাগসমূহের ব্যয়সীমা:** বিগত অর্থবছরের প্রক্ষেপণ এর আলোকে অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত প্রস্তাবিত বাজেট ও প্রক্ষেপণ সিলিং অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বিভাগের জন্য ব্যয় বরাদ্দ নিম্নরূপ:

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ২৫৫৯,৪৭,০০ | ৩১৮৭,৭২,৪৯ | ৩০৭২,০২,০০ | ২৮৫১,৮২,০০ | ২৯২,৩৫,০০ | ৩১২২,৭৪,০০ | ৩৪১৯,৪০,০০ |

**আলোচনা:** আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট হতে অর্থ বিভাগের সুপারিশ অনুসারে ২২০ কোটি ২০ লক্ষ টাকা হ্রাস পেয়েছে কিন্তু ২০২১-২২ অর্থবছরের বাজেটের তুলনায় ২৯২ কোটি ৩৫ লক্ষ টাকা (১১.৪২%) বরাদ্দ বৃদ্ধি পেয়েছে। অর্থ বিভাগের সুপারিশ অনুসারে প্রাপ্ত সিলিং প্রকৃত চাহিদার তুলনায় অপর্যাপ্ত হওয়ায় এ বিভাগের আওতাধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, প্রোগ্রাম/কর্মসূচি, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প ও বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্পের মধ্যে প্রস্তাবিত ব্যয়সীমা নিম্নরূপভাবে বন্টন করা হয়:

**১. পরিচালন ব্যয়:** পরিচালন খাতে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ব্যয় বরাদ্দ নিম্নরূপ:

**১.১. সচিবালয়:**

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| **১. সচিবালয়** | | | | | | | |
| কর্মচারীদের প্রতিদান | ৫,৯০,০০ | ৬,১৩,৫০ | ৭,০৩,২০ | ৭,০৫,২২ | ১,১৫,২২ | ৭,৪৭,৫৩ | ৭,৯২,৩৯ |
| পণ্য ও সেবার ব্যবহার | ৪,৬০,৪০ | ৬,৫৬,১৫ | ৬,৪৯,৯০ | ৫,০৬,৬৮ | ৪৬,২২ | ৫,৩৯,১১ | ৫,৭২,৭৫ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| সম্পদ | ৫০,৬০ | ৪৮,৬০ | ৪৯,০০ | ৪৯,০০ | -১,৬০ | ৫৩,৯০ | ৫৯,২৯ |
| সাধারণ থোক বরাদ্দ * | ২,৬০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ |
| **মোট সচিবালয়=** | **১১,০৩,৬০** | **১৩,১৮,২৫** | **১৪,০২,১০** | **১২,৬০,৯০** | **১,৫৯,৮৪** | **১৩,৪০,৫৪** | **১৪,২৪,৪৩** |

**আলোচনা:** আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সচিবালয় অংশে ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট হতে অর্থ বিভাগের সুপারিশ অনুসারে ১ কোটি ৪১ লক্ষ ২৬ হাজার টাকা হ্রাস পেয়েছে যা ২০২১-২২ অর্থবছরের বাজেটের তুলনায় ১ কোটি ৫৯ লক্ষ ৮৪ হাজার টাকা (১৪.৪৮%) বৃদ্ধি পেয়েছে। এ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের জন্য বেতন ভাতা খাতে ২ লক্ষ ০২ হাজার টাকা বৃদ্ধি করে এবং সরবরাহ-সেবা খাতের মধ্যে নিয়োগ পরীক্ষা খাতে ৫২ লক্ষ টাকা, উদ্ভাবন খাতে ৩৪ লক্ষ ৫০ হাজার টাকা, প্রশিক্ষণ খাতে মোট ৭৪ লক্ষ (এপিএ- ৩৪ লক্ষ টাকা বৈদেশিক প্রশিক্ষণসহ) বরাদ্দ ধরে সুপারিশ করা হয়েছে। এ ক্ষেত্রে অ-আর্থিক সম্পদ খাতে এ বিভাগের প্রস্তাব অনুসারে ৪৯ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে এবং আগামী ২০২২-২৩ অর্থবছরের বীমা দিবস উদযাপনের লক্ষ্যে এ বিভাগের অনুষ্ঠান/উৎসবাদি খাতে ৬০ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এছাড়া ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে আনুপাতিক হারে বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে।

## ১.২. স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান:

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| **২.স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (১৩)** | | | | | | | |
| বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (১৩১০০১৯০০) | ১০,০০,০০ | ১০,৩৫,০০ | ১৩,৯৬,৬৫ | ১০,৭৯,৬০ | ৭৯,৬০ | ১১,৮৭,৫৬ | ১৩,০৬,৩২ |
| বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি (১৩১০০২০০০) | ১,৮০,০০ | ১,৮০,০০ | ২,৫৫,০০ | ১,৯১,১০ | ১১,১০ | ২,১০,০০ | ২,৩০,০০ |
| বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (১৩১০০২১০০) | ১০ | ১০ | ১০ | ১০ | ০ | ১০ | ১০ |
| মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (১৩১০০২২০০) | ১০ | ১০ | ১০ | ১০ | ০ | ১০ | ১০ |
| বাংলাদেশ ব্যাংক (১৩৪০০০১০০) | ১০ | ১০ | ১০ | ১০ | ০ | ১০ | ১০ |
| বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (১৩৪০০১০০০) | ১০ | ১০ | ১০ | ১০ | ০ | ১০ | ১০ |
| **মোট স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | **১১,৮০,৪০** | **১২,১৫,৪০** | **১৬,৫২,০৫** | **১২,৭১,১০** | **৯০,৭০** | **১৩,৯৭,৯৬** | **১৫,৩৬,৭২** |

**আলোচনা:** বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট ও বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণের ক্ষেত্রে আয়-ব্যয়ের হিসাব উপস্থাপন করা হয়। বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট এর ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ১৩ কোটি ৯৬ লক্ষ ৬৫ হাজার টাকা বরাদ্দের প্রস্তাব করলে অর্থ বিভাগ কর্তৃক ৩ কোটি ১৭ লক্ষ ৫ হাজার টাকা কম বরাদ্দের সুপারিশ করা হয়। কিন্তু সক্ষমতা বিবেচনায়

প্রয়োজন হলে আগামী ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে চাহিদা অনুযায়ী বরাদ্দ ধরা হবে। বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি এর প্রস্তাবিত বাজেটে সক্ষমতা বিবেচনায় ৬৩ লক্ষ ৯০ হাজার টাকা কম বরাদ্দের সুপারিশ করা হয়। বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি, বাংলাদেশ ব্যাংক ও বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে কোড ধরে রাখার নিমিত্ত থোক বরাদ্দ হিসেবে ১০ হাজার টাকা করে বরাদ্দ ধরা হয় এবং ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট ও ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ হ্রাস/বৃদ্ধি করা হয়।

**১.৩. প্রোগ্রাম/কর্মসূচী ব্যবস্থাপনা:**

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| **৩. প্রোগ্রাম/কর্মসূচী ব্যবস্থাপনা (১৩)** | | | | | | | |
| সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) (১৩১০১৫০০০) | ০ | ৫০,০০,০০ | ৬৪,৩৫,০০ | ৬৪,৩৫,০০ | ৬৪,৩৫,০০ | ৭০,৭৮,৫০ | ৭৭,৮৬,৩৫ |
| বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) (১৩২০১১৯০০) | ৩,৫০,০০ | ৩,৫০,০০ | ৪,৫০,০০ | ৩,৫০,০০ | ০ | ৩,৮৫,০০ | ৪,২৩,৫০ |
| পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (১৩১০১৭০০০) | ০ | ৫০০,০০,০০ | ১০০,০০,০০ | ০ | ০ | ০ | ০ |
| **মোট সাহায্য মঞ্জুরি (প্রোগ্রাম/কর্মসূচি)** | **৩,৫০,০০** | **৫৫৩,৫০,০০** | **১৬৮,৮৫,০০** | **৬৭,৮৫,০০** | **৬৪,৩৫,০০** | **৭৪,৬৩,৫০** | **৮২,০৯,৮৫** |

**আলোচনা:** সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) এর ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেট অনুযায়ী অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দ ধরার সুপারিশ করা হয় এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে যথাক্রমে ৭০ কোটি ৭৮ লক্ষ ৫০ হাজার টাকা ও ৭৭ কোটি ৮৬ লক্ষ ৩৫ হাজার টাকা বরাদ্দ রাখা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ২০২২-২৩ অর্থবছরের বরাদ্দ ১০০ কোটি টাকা ধরার জন্য প্রস্তাব করা হয় কিন্তু অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দ ধরার সুপারিশ করা হয়নি বিধায় কোন বরাদ্দ রাখা যায়নি। বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড (বিএমডিএফ) এর ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ৪ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দের প্রস্তাব করা হয়েছে কিন্তু অর্থ বিভাগ কর্তৃক ৩ কোটি ৫০ লক্ষ টাকা বরাদ্দের সুপারিশ করা হয়েছে।

**২. উন্নয়ন প্রকল্প:** আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন উন্নয়ন প্রকল্পসমূহের জন্য বরাদ্দকৃত উন্নয়ন বাজেট নিম্নরূপ :

**২.১. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত উন্নয়ন প্রকল্প (Non-ADP):**

**(হাজার টাকায়)**

| **বিবরণ** | **বাজেট** | **সংশোধিত বাজেট** | **প্রস্তাবিত বাজেট** | **অর্থ বিভাগের সুপারিশ** | **হ্রাস/বৃদ্ধি বাজেট** | **প্রক্ষেপণ** | |
|---|---|---|---|---|---|---|---|
| | **২০২১-২২** | **২০২১-২২** | **২০২২-২৩** | **২০২২-২৩** | **২০২২-২৩** | **২০২৩-২৪** | **২০২৪-২৫** |
| **৪. বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প (২১)** | | | | | | | |
| ফরেন ডাইরেক্ট ইনভেস্টমেন্ট প্রমোশন প্রজেক্ট (এফডিআইপিপি) (২১২০০০৪০০) | ৬২,০০,০০ | ৬২,০০,০০ | ৬২,০০,০০ | ৬২,০০,০০ | ০ | ১২০,০০,০০ | ১০৯,০০,০০ |
| আরবান বিল্ডিং সেফটি প্রোজেক্ট (ইউবিএসপি) (২১২০০০৫০০) | ১০০,০০,০০ | ৪০,০০,০০ | ১,০০,০০ | ৭১,০০,০০ | -২৯,০০,০০ | জুন ২০২৩ পর্যন্ত মেয়াদ বৃদ্ধি | ০ |

| বিবরণ | | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (২১২০০২৬০০) | প্রমোটিং এন্টারপ্রাইজেস এন্ড কমার্শিয়ালাইজেশন-এডিশনাল ফাইন্যান্সিং (পেজ-এএফ) | ৩৫,০০,০০ | ৩৫,০০,০০ | ৭৪,২০,০০ | ৭৪,২০,০০ | ৩৯,২০,০০ | ৪৩,০০,০০ | ০ |
| | সাসটেইনএবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি) | ১৭০,০০,০০ | ১৭০,০০,০০ | ৮০,০০,০০ | ৮০,০০,০০ | -৯০,০০,০০ | ২৮,০০,০০ | ০ |
| | লো ইনকাম কমিউনিটি হাউজিং সাপোর্ট প্রজেক্ট (এলআইসিএইচএসপি) | ৮,৫০,০০ | ৮,৫০,০০ | ১,২৫,০০ | ১,২৫,০০ | -৭,২৫,০০ | ০ | ০ |
| | স্ট্রেনদ্রেনিং রেসিলিয়েন্স অফ লাইভ স্টক ফারমার্স থ্রো রিস্ক রিডিউসিং সার্ভিসেস প্রজেক্ট | ৪,৮৩,৮৯ | ৪,৮৩,৮৯ | ৬,৫৫,০০ | ৬,৫৫,০০ | ১,৭১,১১ | ১১,৪০,০৪ | ০ |
| | রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)-ইফাদলোন | ১৬৩,৩৬,১১ | ১৬৩,৩৬,১১ | ২১৭,৩৫,০০ | ২১৭,৩৫,০০ | ৫৩,৯৮,৮৯ | ১৫০,০০,০০ | ১০০,০০,০০ |
| | রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন প্রজেক্ট (আরএমটিপি)-ড্যানিসলোন | ২৩,০০,০০ | ২৩,০০,০০ | ২০,০০,০০ | ২০,০০,০০ | -৩,০০,০০ | ১৪,০০,০০ | ১০,০০,০০ |
| | রিকভারি এন্ড এডভান্সমেন্ট অফ ইনফরমাল সেক্টর ইমপ্লয়মেন্ট (রেইজ) | ১৫১,৩০,০০ | ১৫১,৩০,০০ | ৩৯৭,৩৫,০০ | ৩৯৭,৩৫,০০ | ২৪৬,০৫,০০ | ২৮৭,০০,০০ | ২০৩,০০,০০ |
| | বাংলাদেশ রুরাল ওয়াটার, স্যানিটেশন এন্ড হাইজিন ফর হিউম্যান ক্যাপিটাল ডেভেলপমেন্ট প্রজেক্ট (বিডিআরওয়াশ) | ২৯৮,০০,০০ | ২৯৮,০০,০০ | ৪০৭,৩৫,০০ | ৪০৭,৩৫,০০ | ১০৯,৩৫,০০ | ৪৯৩,৭৫,০২ | ১৩৬,১৭,৪৯ |
| | মাইক্রো এন্টারপ্রাইজ ফাইন্যান্সিং এন্ড ক্রেডিট এ্যানহেন্সমেন্ট (এমএফসিই) প্রজেক্ট | ০ | ০ | ২১৮,০০,০০ | ০ | ০ | ৪৫০,০০,০০ | ০ |
| **উপমোট (পিকেএসএফ)=** | | **৯০০,০০,০০** | **৮৫৪,০০,০০** | **১৪২২,০৫,০০** | **১২০৪,০৫,০০** | **৩০৪,০৫,০০** | **১৪৭৭,১৫,০৬** | **৪৪৯,১৭,৪৯** |
| সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ) (২১২০০২৮০০) | | ২১০,০০,০০ | ২১০,০০,০০ | ৭০০,০০,০০ | ৭০০,০০,০০ | ৪৯০,০০,০০ | ৭৭০,০০,০০ | ৮৪৭,০০,০০ |
| বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্প (২১২০০৩০০১) | | ১৮৬,০০,০০ | ১২০,০০,০০ | ১৭৬,৩৫,০০ | ১৭৬,৩৫,০০ | -৯,৬৫,০০ | ৮০০,০০,০০ | ০ |

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট (২১২০০৩১০০) | ৩৩৮,০০,০০ | ৪৫০,০০,০০ | ২৫,০০,০০ | ২৫,০০,০০ | -৩১৩,০০,০০ | সেপ্টেম্বর ২০২২ এ মেয়াদ শেষ | ০ |
| লাইন অব ফ্যাইন্যান্স টু সাপোর্ট এসএমই'স প্রজেক্ট ইন বাংলাদেশ | ০ | | | ১৪৭,০০,০০ | ১৪৭,০০,০০ | ২৫৫,০০,০০ | ০ |
| **মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচি বহির্ভূত প্রকল্প** | **২৩২১,০০,০০** | **২৩৯৭,০০,০০** | **২৪৮১,৭১,০০** | **২৩৮৫৪০,০০** | **৬৪,৪০,০০** | **২৭০২,১৫,০৬** | **১৪০৫,১৭,৪৯** |

**আলোচনা:** পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) থেকে প্রকল্পের সক্ষমতা বিবেচনায় ২০২২-২৩ অর্থবছরের এর প্রস্তাবিত বাজেটে পর্যাপ্ত সিলিং না থাকায় ১২০৪ কোটি ০৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। এছাড়াও পিকেএসএফ এর জন্য বরাদ্দকৃত বাজেট iBASS++ সিস্টেমে প্রকল্প অনুযায়ী আলাদা কোডে এন্ট্রির বিষয়ে আলোচনা হয়। সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন (এসডিএফ), বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্প এবং রুরাল এন্ড পেরি-আরবান হাউজিং ফিন্যান্স প্রজেক্ট প্রকল্পসমূহের সক্ষমতা বিবেচনায় ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাব অনুযায়ী অর্থ বিভাগ কর্তৃক বরাদ্দের সুপারিশ করা হয়েছে। লাইন অব ফ্যাইন্যান্স টু সাপোর্ট এসএমই'স প্রজেক্ট ইন বাংলাদেশ প্রকল্পের জন্য এর প্রস্তাবিত বাজেটে কোন বরাদ্দ না থাকায় নন-এডিপি থোক বরাদ্দ হতে ১৪৭ কোটি টাকা এবং আরবান বিল্ডিং সেফটি প্রোজেক্ট এর মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত বৃদ্ধি হওয়ায় ৭১ কোটি টাকা বরাদ্দ ধরা হয়েছে।

### ২.২. বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্প (ADP):

**(হাজার টাকায়)**

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| **৫. বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প (২২)** | | | | | | | |
| বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন প্রকল্প (২২৩০০৩২২০০) | ১১,৪৯,০০ | ৭,৫৫,০০ | ২২,৬৫,৫২ | ২৬,৫৮,০০ | ১৫,০৯,০০ | ৩৩,২৬,৫২ | ১৮,১৩,৫২ |
| বাংলাদেশের বীমাখাত উন্নয়ন প্রকল্প (২২৪২২৩৯০০) | ১০৪,৫০,০০ | ৭০,৫৫,০০ | ৩৪৭,৭৫,৪৮ | ৩৪৫,৬৭,০০ | ২৪১,১৭,০০ | প্রকল্পের মেয়াদ ডিসেম্বর ২০২২-এ শেষ | ০ |
| অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ (২২১০০০১১২) | | | ২,২৫,৮৫ | ১,০০,০০ | ১,০০,০০ | | |
| **মোট বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প** | **১১৫,৯৯,০০** | **৮৬,২৫,৩৪** | **৩৮৮,৬৬,০০** | **৩৭৩,২৫,০০** | **২৫৭,২৬,০০** | **৩৩,২৬,৫২** | **১৮,১৩,৫২** |

**আলোচনা:** এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের সক্ষমতা বিবেচনায় 'বাংলাদেশের তৈরি পোশাক খাতের নিরাপত্তাজনিত সংস্কার ও পরিবেশগত উন্নয়ন' প্রকল্পের জন্য ২০২২-২৩ অর্থবছরের বাজেটে অর্থবিভাগ কর্তৃক ২৬ কোটি ৫৮ লক্ষ টাকা বরাদ্দের সুপারিশ করা হয়। 'বাংলাদেশের বীমা খাত উন্নয়ন প্রকল্প' এর সক্ষমতা বিবেচনায় ২০২২-২৩ অর্থবছরের বাজেটে ৩৪৫ কোটি ৬৭ লক্ষ টাকা এবং অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ ১ কোটি টাকা বরাদ্দের জন্য অর্থ বিভাগ কর্তৃক সুপারিশ করা হয়।

৩. আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ২০২১-২২ অর্থবছরের বাজেট, সংশোধিত বাজেট, ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রস্তাবিত ব্যয় সীমা এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ:

(হাজার টাকায়)

| বিবরণ | বাজেট | সংশোধিত বাজেট | প্রস্তাবিত বাজেট | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি বাজেট | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | ২০২১-২২ | ২০২১-২২ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| মোট পরিচালন (১+২+৩) | ১২২,১৩,০০ | ৭০৪,৪৭,১৫ | ১১৯,৩৯,১৫ | ৯৩,১৭,০০ | -২৮,৯৬,০০ | ১০২,০২,০০ | ১১১,৭১,০০ |
| মোট উন্নয়ন প্রকল্প (৪+৫) | ২৪৩৭,৩৪,০০ | ২৪৮৩,২৫,৩৪ | ২৮৭০,৩৭,০০ | ২৭৫৭,৬৫,০০ | ৩২০,৩১,০০ | ২৭৩৫,৪১,৫৮ | ১৪২৩,৩১,০১ |
| অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক (২২১০০০১১২) | ০ | ০ | ২,২৫,৮৫ | ১,০০,০০ | ১,০০,০০ | ২৮৫,৩০,৪২ | ১৮৮৪,৩৭,৯৯ |
| **মোট ব্যয় (পরিচালন+উন্নয়ন+ থোক)** | **২৫৫৯,৪৭,০০** | **৩১৮৭,৭২,৪৯** | **৩০৭২,০২,০০** | ২৮৫১,৮২,০০ | ২৯২,৩৫,০০ | ৩১২২,৭৪,০০ | ৩৪১৯,৪০,০০ |

**আলোচনা:** পর্যালোচনান্তে দেখা যায়, অর্থ বিভাগ কর্তৃক নির্ধারিত সিলিং ও সুপারিশের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থবছরের এ বিভাগের প্রস্তাবিত বাজেটের তুলনায় ২২০ কোটি ২০ লক্ষ টাকা কম বরাদ্দ ধার্য করা হয়েছে। প্রকৃতপক্ষে আগামী ২০২২-২৩ অর্থবছরের চাহিদার পরিমাণ বিবেচনায় অর্থ বিভাগ হতে প্রাপ্ত সিলিং ও সুপারিশ অনুযায়ী ২৮৫১ কোটি ৮২ লক্ষ টাকা অর্থ বরাদ্দের প্রয়োজন হবে এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে যথাক্রমে ২৮৫ কোটি ৩০ লক্ষ ৪২ হাজার টাকা এবং ১৮৮৪ কোটি ৩৭ লক্ষ ৯৯ হাজার টাকা কম বরাদ্দ প্রয়োজন হবে যা অননুমোদিত নতুন প্রকল্পের জন্য থোক বরাদ্দ হিসেবে রাখা হয়েছে।

**খ. রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ:** এ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বাজেট, সংশোধিত বাজেট, ২০২২-২৩ অর্থবছরের জন্য প্রস্তাবিত লক্ষ্যমাত্রা এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণ নিম্নরূপভাবে বন্টন করা হয়েছে:

(হাজার টাকায়)

| বিভাগ/দপ্তর/সংস্থা | বাজেট ২০২১-২২ | সংশোধিত বাজেট ২০২১-২২ | প্রস্তাবিত বাজেট ২০২২-২৩ | অর্থ বিভাগের সুপারিশ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ৩৩৮,৪০,০০ | ৩৩৮,৪০,০০ | ৩৭২,২৪,০০ | ৩৭২,২৪,০০ | ৪০৯,৪৬,০০ | ৪৫০,৪১,০০ |

**আলোচনা:** উক্ত প্রাপ্তি বাজেট সচিবালয় এবং বিভিন্ন ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠানের মধ্যে বিভাজন করা হয়। সচিবালয় অংশের রাজস্ব প্রাপ্তি মূলত গৃহ নির্মাণ অগ্রিম, কম্পিউটার অগ্রিম, ও মটর গাড়ি অগ্রিমের সুদ, সরকারী যানবাহনের ব্যবহার, টেন্ডার ও অন্যান্য দলিলপত্র, অব্যবহৃত দ্রব্যাদি, স্ক্র্যাপ ইত্যাদি ও বিবিধ রাজস্ব প্রাপ্তি হতে অর্জিত হয়। স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠানের ক্ষেত্রে বিভিন্ন ব্যাংক, বীমা এবং অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান হতে প্রাপ্ত বাজেট পুস্তকে রাজস্ব প্রাপ্তি হিসেবে প্রদর্শিত হয়।

এ বিভাগের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির সিলিং সচিবালয় এবং স্বায়ত্তশাসিত অন্যান্য প্রতিষ্ঠান (ব্যাংক, বীমা ও আর্থিক প্রতিষ্ঠান) এর মধ্যে নিম্নরূপভাবে বন্টন করা হয়েছে:

(হাজার টাকায়)

| বিভাগ/দপ্তর/সংস্থা | বাজেট ২০২১-২২ | সংশোধিত বাজেট ২০২১-২২ | প্রস্তাবিত বাজেট ২০২২-২৩ | অর্থ বিভাগের সুপারিশ | হ্রাস/বৃদ্ধি | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | ২০২২-২৩ | ২০২২-২৩ | ২০২৩-২৪ | ২০২৪-২৫ |
| সচিবালয় | ২৩,৪৬,২৬ | ২৩,৪৬,২৬ | ২৩,৪৬,২৬ | ২৩,৪৬,২৬ | ০ | ২৫,৮০,৮৯ | ২৮,৩৮,৯৭ |
| স্বায়ত্তশাসিত অন্যান্য প্রতিষ্ঠান | ৩১৪,৯৩,৭৪ | ৩১৪,৯৩,৭৪ | ৩৪৮,৭৭,৭৪ | ৩৪৮,৭৭,৭৪ | ৩৩,৮৪,০০ | ৩৮৩,৬৫,১১ | ৪২২,০২,০৩ |
| **সর্বমোট রাজস্ব প্রাপ্তি** | **৩৩৮,৪০,০০** | **৩৩৮,৪০,০০** | **৩৭২,২৪,০০** | **৩৭২,২৪,০০** | **৩৩,৮৪,০০** | **৪০৯,৪৬,০০** | **৪৫০,৪১,০০** |

পর্যালোচনান্তে দেখা যায়, ২০২২-২৩ অর্থবছরের প্রস্তাবিত বাজেটে ২০২১-২২ অর্থবছরের বাজেটের তুলনায় ৩৩ কোটি ৮৪ লক্ষ টাকা বেশি লক্ষ্যমাত্রা ধরা হয়েছে এবং ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণে যথাক্রমে ৪০৯ কোটি ৪৬ লক্ষ টাকা এবং ৪৫০ কোটি ৪১ লক্ষ টাকা প্রক্ষেপণ ধরা হয়েছে।

**গ. সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ:**

**(হাজার টাকায়)**

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সাহায্য ২০২১-২২ | প্রকল্প সাহায্য ২০২২-২৩ |
|---|---|---|---|
| ১১২ | আর্থিক প্রতিষ্ঠান বিভাগ | ১৭১,৯৮,০০ | ৩৭০,৪১,০০ |

অর্থ বিভাগ হতে প্রাপ্ত সিলিং এ বিগত অর্থবছরের তুলনায় সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ ২০২২-২৩ অর্থবছরে বৃদ্ধি পেয়েছে।

**ঘ. মন্ত্রণালয়/বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বাজেট কাঠামো (MBF):**

**আলোচনা:** আর্থিক প্রতিষ্ঠান বিভাগের Ministry Budget Framework (MBF) বিভাগের এপিএ এর সাথে সামঞ্জস্য রেখে প্রস্তুত করা হয়েছে যা সভায় তুলে ধরা হলো (পরিশিষ্ট-খ)।

সভায় বিস্তারিত আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ১. | আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে এ বিভাগের পরিচালন বাজেটের সচিবালয় অংশে ২০২২-২৩ এর প্রস্তাবিত বাজেট ও ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণের ক্ষেত্রে অর্থ বিভাগের সুপারিশ অনুসরণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী তথ্য অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণপূর্বক iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। তবে সক্ষমতা বিবেচনায় প্রয়োজন হলে আগামী ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে চাহিদা অনুযায়ী বরাদ্দ ধরা হবে। | উপসচিব (বাজেট) এবং শাখা/অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| ২. | এ বিভাগের পরিচালন বাজেটের আওতাধীন স্বায়ত্বশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান এবং প্রোগ্রাম/কর্মসূচী ব্যবস্থাপনা অংশের ২০২২-২৩ এর প্রস্তাবিত বাজেট ও ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণের ক্ষেত্রে অর্থ বিভাগের সুপারিশ অনুযায়ী তথ্য অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণপূর্বক iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, উপসচিব (বাজেট) এবং শাখা/অধিশাখা আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| ৩. | আলোচনা অনুযায়ী এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের অর্থ বিভাগের সুপারিশ অনুযায়ী প্রাপ্ত সিলিং বর্হিভূত অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে যৌক্তিকতা তুলে ধরে অর্থ বিভাগ-কে আধা-সরকারী পত্র দিতে হবে। আগামী ২০২২-২৩ অর্থবছরের জন্য বরাদ্দকৃত অর্থ শতভাগ ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপসচিব (বাজেট) এবং উপসচিব (প্রকল্প), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| ৪. | আলোচনা ও যৌক্তিকতার ভিত্তিতে এ বিভাগের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত উন্নয়ন প্রকল্প অংশের ২০২২-২৩ এর প্রস্তাবিত বাজেট ও ২০২৩-২৪ ও ২০২৪-২৫ অর্থবছরের প্রক্ষেপণের ক্ষেত্রে এ বিভাগের সুপারিশ অপরিবর্তিত রাখার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী তথ্য অর্থ বিভাগ ও পরিকল্পনা কমিশনে প্রেরণপূর্বক iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা, উপসচিব (প্রকল্প) এবং শাখা/অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| ৫. | রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণের ক্ষেত্রে বাজেট প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রক্ষেপণ এ বিভাগ ও সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সমন্বয়ে গত ২৪.০১.২০২২ তারিখে অনুষ্ঠিত নন-ট্যাক্স রেভিনিউ বিষয়ক সভার সিদ্ধান্ত অনুযায়ী iBAS++ এ এন্ট্রি সম্পন্ন করে অর্থ বিভাগে প্রেরণ করতে হবে। বাংলাদেশ ব্যাংকসহ ও অন্যান্য প্রতিষ্ঠানের রাজস্ব প্রাপ্তির অর্থ নিজ নিজ প্রতিষ্ঠানের কোডে জমা হওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে। | সংশ্লিষ্ট ব্যাংক/বীমা ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান, উপসচিব (বাজেট) ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং উপসচিব (এনটিআর), অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়। |

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ৬. | অর্থ বিভাগের নির্দেশনা অনুযায়ী আর্থিক প্রতিষ্ঠান বিভাগ ও বাজেট সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার মন্ত্রণালয় বাজেট কাঠামো (MBF) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর সাথে সামঞ্জস্য রেখে প্রণয়ন করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে ওয়েবসাইটে প্রদর্শনসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাখিল করতে হবে। | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা এবং উপসচিব (বাজেট), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |
| ৭. | সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ যথাযথভাবে সমন্বয়ের মাধ্যমে ব্যবহার নিশ্চিত করতে হবে। | উপসচিব, প্রকল্প অধিশাখা-১ ও ২ এবং সংশ্লিষ্ট দপ্তর/ সংস্থা/ প্রকল্প/ কর্মসূচি, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়। |

পরিশেষে উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/৫/২০২২

(শেখ মোহাম্মদ সলীম উল্লাহ)
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ

নম্বর: ৫৩.০০.০০০০.২১২.২০.০০৬.২২-১০৩

তারিখ: ২৫ বৈশাখ ১৪২৯
০৮ মে ২০২২

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয় (এ বিভাগের আওতাভুক্ত প্রকল্প ও এনটিআর সংশ্লিষ্ট)।
২. চেয়ারম্যান, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন, সিকিউরিটিজ কমিশন ভবন,ই-৬/সি, আগারগাঁও, ঢাকা (প্রকল্প সংশ্লিষ্ট)।
৩. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, ৩৭ দিলকুশা বা/এ, ঢাকা (প্রকল্প সংশ্লিষ্ট)।
৪. এক্সিকিউটিভ ভাইস-চেয়ারম্যান, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি, ৮ শহিদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশাঁ প্লাজা (৭ম তলা), বড় মগবাজার, ঢাকা।
৫. অতিরিক্ত সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৬. যুগ্মসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়।
৭. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন, ভবন নং-ই-৪/বি, আগারগাঁও, ঢাকা।
৮. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ হাউস বিল্ডিং ফাইন্যান্স কর্পোরেশন, প্রধান কার্যালয়, ঢাকা (প্রকল্প সংশ্লিষ্ট)।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ মিউনিসিপ্যাল ডেভেলপমেন্ট ফান্ড, গ্রামীণ ব্যাংক ভবন, লেভেল-১৩, মিরপুর-২, ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, জেড-হাউজ, হোল্ডিং- ৬/৬, ব্লক-এফ, লালমাটিয়া, মোহাম্মদপুর, ঢাকা।
১১. পরিচালক, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি, বাংলাদেশ ইনসিওরেন্স একাডেমি ভবন, ৫৩, মহাখালী বা/এ, ঢাকা।
১২. নির্বাহী প্রেসিডেন্ট, বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট, বিজিআইসি টাওয়ার, ৩৪, তোপখানা রোড, ঢাকা।
১৩. পরিচালক, বাস্তবায়ন পরিবীক্ষণও মূল্যায়ণ বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়।
১৪. উপসচিব, প্রকল্প-১ ও প্রকল্প-২ অধিশাখা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়।
১৫. উপসচিব, বাজেট শাখা-১, অর্থবিভাগ, অর্থ মন্ত্রণালয়।
১৬. উপসচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়।

১৭. উপপ্রধান, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ (পামস্টেক উইং), পরিকল্পনা কমিশন, আগারগাঁও, ঢাকা।

১৮. প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

১৯. সচিবের একান্ত সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ- (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২০. সিনিয়র সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

২১. সহকারী সচিব (সকল), আর্থিক প্রতিষ্ঠান বিভাগ।

২২. হিসাবরক্ষণ কর্মকর্তা, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ,অর্থ মন্ত্রণালয়।

২৩. প্রোগ্রামার,আর্থিক প্রতিষ্ঠান বিভাগ-ওয়েবসাইটের সংশ্লিষ্ট স্থানে প্রদর্শনের অনুরোধসহ।

08.05.2022
(মাকছুমা আকতার বানু)
উপসচিব (বাজেট)